বিমান সদর
প্রশাসনিক শাখা
প্রভোস্ট মার্শাল পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

দূরা: ৫৫০৬০০০০ সম্প্র ৩৩৫২

০০.০৩.২৬০০.০৪০.৫৬.০২১.২৪.০০১/৩২ক    20 নভে ২৪

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রমে শুমারিকর্মীগণকে সহযোগিতা প্রদান প্রসঙ্গে**

সূত্রঃ

ক। অ পরি পত্র নং-২৩.০৩.২৬০০.০৩৯.৫১.০০৪.২৪.০৫১/১৬ক তাং ১৯ নভে ২৪ (ফটোকপি সংযুক্ত)।

১। এতদ্সঙ্গে সংযুক্ত সূত্র ক এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪র্থ অর্থনৈতিক শুমারি-২০২৪ এর আওতায় দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্বলিত তথ্যাদি সংগ্রহ করবে। এ লক্ষ্যে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর কর্মীগণকে ১০-২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ বিমান বাহিনীসহ এর অধিন সংস্থাসমূহ (সংরক্ষিত এলাকাসহ), সকল আবাসিক এলাকা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, বিমানঘাঁটি, অধিভুক্ত বিভিন্ন বাবিবা ঘাঁটি/ইউনিটে গমনাগমণ করবেন। এ প্রেক্ষিতে জাতীয় এই গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট বাবিবা ঘাঁটি/ইউনিটে আগত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সকল জোনাল অফিসার/কর্মচারীগণকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করণসহ বিষয়টি আপনার অধিনস্থ সকল ইউনিট/উইং/স্কো:/সেকশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

এস এম ওবায়েদুল্লাহ
উইং কমান্ডার
পক্ষে সবিবাপ্র (প্রশা)

বিতরণ:

বহিস্থ:

কার্যক্রম:

বাবিবা বিবিডি

বাবিবা বাশার

বাবিবা কক্সবাজার

বাবিবা মতিউর

বাবিবা এসএমডি





CamScanner

PDC; PH-2

প্রশাসনিক শাখা
(অ পরি)

নৈঃপঃ

২৩.০৩.২৬০০.০৩৯.৫১.০০৪.২৪.০৫১/১৬ক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রমে শুমারিকর্মীগণকে সহযোগীতা প্রদান প্রসংগে

সূত্রঃ

ক।　বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পত্র নং- ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৬৯ তাং ১৩ নভেম্বর ২০২৪ ।

সূত্র 'ক' এর মাধ্যমে প্রাপ্ত বিষয়োক্ত ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ৪র্থ অর্থনৈতিক শুমারির কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে শুমারি কর্মীগণকে বি বা ঘাঁটি/ইউনিটে প্রবেশের অনুমতি, প্রয়োজনীয় তথ্য এবং সহযোগীতা প্রদানের জন্য সূত্র 'ক' পত্রের ফটোকপি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো ।

মিজানুর রহমান
গ্রুপ ক্যাপ্টেন
এসএসও

সম্প্রঃ ৩৩৪২

১৯ নভে ২৪

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ।

প্রতি:

প্রমা পরি

অবগতিঃ

বি বা প্র'র সচিবালয়

PH-2

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৬৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রিয় [illegible],

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে বাংলাদেশ বিমানবাহিনীর সদর দপ্তর, ঘাঁটিসমূহ (সংরক্ষিত এলাকাসহ), এর আওতাধীন সংস্থাসমূহে প্রবেশের অনুমতি এবং এ কাজে নিয়োজিত কর্মীগণকে প্রয়োজনীয় তথ্য প্রদানে আপনার নির্দেশনা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পরিচালিতব্য ৪র্থ অর্থনৈতিক শুমারির এ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদন এবং বাংলাদেশ বিমানবাহিনীসহ এর অধীন সংস্থাসমূহ (সংরক্ষিত এলাকাসহ), সকল আবাসিক এলাকা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, বিমানঘাঁটি, অধিভুক্ত সকল অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানে এ কাজে নিয়োজিত কর্মীগণকে প্রবেশে অনুমতি এবং প্রয়োজনীয় তথ্য প্রদানে সংশ্লিষ্টগণকে নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

১৩/১১/২৪

মোঃ মাহবুব হোসেন

এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন
*বিবিপি, ওএসপি, জিইউপি, এনএসডব্লিউসি, পিএসসি*
বিমানবাহিনী প্রধান
বাংলাদেশ বিমানবাহিনী
বিমানবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।